গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ধামরাই, ঢাকা
dhamrai.dhaka.gov.bd

## ফেব্রুয়ারি ২০২৪ মাসে অনুষ্ঠিত ধামরাই উপজেলা আইনশৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ<br>উপজেলা নির্বাহী অফিসার, ধামরাই, ঢাকা |
| তারিখ | : | ০৭ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. |
| সময় | : | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ধামরাই, ঢাকা |
| উপস্থিতি | : | উপজেলা আইনশৃঙ্খলা কমিটির সদস্যবৃন্দ (পরিশিষ্ট-ক) |

সভাপতি কর্তৃক ধামরাই উপজেলা আইনশৃঙ্খলা কমিটির সভায় উপস্থিত সকল কর্মকর্তা ও অন্যান্য সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় জানুয়ারি ২০২৪ মাসের উপজেলা আইনশৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়। উপস্থিত সদস্যগণ কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে জানুয়ারি ২০২৪ খ্রি. মাসের কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনা শেষে যে সকল সিদ্ধান্ত গ্রহণ করা হয়, তা নিম্নে উপস্থাপন করা হলো:

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১। | উপজেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা<br>উপজেলা প্রশাসন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, গ্রাম পুলিশের সমন্বয়ে উপজেলার অপরাধ প্রবণতা প্রতিরোধ ও সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখার বিষয়টি সভায় আলোচনা হয়। স্কুল/কলেজ সময়ে শিক্ষার্থীরা ইউনিফর্ম পরিহিত অবস্থায় বিভিন্ন জায়গায় ঘোরাফেরা করে থাকে যা মোটেও কাম্য নয়। এজন্য নিজ নিজ ইউনিয়নের আইনশৃঙ্খলা রক্ষার্থে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের নিজ উদ্যোগে কঠোর ব্যবস্থা নেয়ার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এছাড়া উপজেলায় আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির আশঙ্কা রয়েছে এমন কোন ঘটনা কারো গোচরীভূত হলে তাৎক্ষণিক তা উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত করার বিষয়টি সভায় আলোচনা হয়। | ০১। উপজেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>০২। স্কুল/কলেজ সময়ে শিক্ষার্থীরা যাতে ঘোরাফেরা করতে না পারে এজন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে কঠোর ব্যবস্থা নিতে হবে। প্রয়োজনে যেসব স্থানে শিক্ষার্থীরা ঘোরাফেরা করে ঐসকল স্থানের দেয়ালে নোটিশ লিখনের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>০৩। আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির আশঙ্কা রয়েছে এমন কোন ঘটনা কারো গোচরীভূত হলে তাৎক্ষণিক তা উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, ধামরাই<br>২। অফিসার ইনচার্জ, ধামরাই থানা, ঢাকা<br>৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) ধামরাই |
| ০২। | অপরাধচিত্র পর্যালোচনা<br>সভায় অফিসার ইনচার্জ, ধামরাই থানা কর্তৃক ধামরাই উপজেলার জানুয়ারি ২০২৪ মাসের অপরাধ চিত্র উপস্থাপন করা হয়। অপরাধ চিত্র পর্যালোচনায় দেখা যায়, জানুয়ারি ২০২৪ মাসে দুটি ধর্ষনের ঘটনা ঘটেছে এবং এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। অফিসার ইনচার্জ, ধামরাই থানা বলেন মাদকের বিষয়ে তাদের অভিযান চলমান রয়েছে। এছাড়া শীতকালে চুরির ঘটনা বেড়ে যাওয়ায় সকলকে সচেতন থাকার পরামর্শ দেন তিনি। অপরাধ প্রবণতা প্রতিরোধে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য অফিসার ইনচার্জকে অনুরোধ জানানো হয়। পাশাপাশি মাদক সংক্রান্ত অভিযান জোরদার করার বিষয়ে সভায় আলোচনা হয়। | আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে মামলা গ্রহণ এবং যথাসময়ে সকল আসামী গ্রেফতারে সচেষ্ট থাকতে হবে। পাশাপাশি অপরাধ প্রবণতা প্রতিরোধে সতর্কতা অবলম্বন করতে হবে। চুরির ঘটনা যাতে না ঘটে এ বিষয়ে প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অফিসার ইনচার্জ, ধামরাই থানা, ঢাকা |

| | | | |
|---|---|---|---|
| ০৩। | যানজট নিয়ন্ত্রণ বিষয়ক আলোচনা<br>ধামরাই বাজারের অবৈধ পার্কিং ও বাজারের যানজট নিরসনের বিষয়ে সভায় আলোচনা হয়। ঢুলিভিটা বাসস্ট্যান্ডে শৃঙ্খলা রক্ষায় ট্রাফিক পুলিশের প্রয়োজনীয়তা নিয়ে সভায় আলোচনা হয়। ধামরাই বাজার এবং ঢুলিভিটা বাসস্ট্যান্ডের যানজট নিয়ন্ত্রণে অফিসার ইনচার্জ, ধামরাই থানাকে উদ্যোগ গ্রহণ করার অনুরোধ জানানো হয়। অফিসার ইনচার্জ জানান, ঢুলিভিটা বাসস্ট্যান্ডে যানজট নিয়ন্ত্রণে ইতোমধ্যে ট্রাফিক ব্যবস্থাপনা জোরদার করা হয়েছে। ফলে যাটজনট আগের চেয়ে অনেকাংশে হ্রাস পেয়েছে। | ঢুলিভিটা বাসস্ট্যান্ট এবং ধামরাই বাজার এলাকার যানজট নিয়ন্ত্রণে অফিসার ইনচার্জ প্রয়োজনীয় ব্যবস্থা অব্যাহত রাখবেন। | উপজেলা নির্বাহী অফিসার, ধামরাই |
| ০৪। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ সংক্রান্ত আলোচনা<br>(ক) প্রকাশ্যে মাদক ব্যবসা ও মাদক গ্রহণকারীর বিরুদ্ধে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে কঠোর ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়। মাদক সংক্রান্ত অভিযোগ উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইনচার্জ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপজেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অবহিত করার বিষয়টি সভায় আলোচনা হয়। | ১। মাদক সংক্রান্ত অভিযোগ উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইনচার্জ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপজেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অবগত করতে হবে।<br>২। মাদকবিরোধী অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ১। অফিসার ইনচার্জ, ধামরাই থানা, ঢাকা<br>২।সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,সার্কেল-ক, ঢাকা<br>৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্য (সকল), ধামরাই, ঢাকা |
| | (খ) সভায় ধামরাই উপজেলাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাদকের বিরুদ্ধে সচেতনতামূলক সভা করা এবং মাদকের নেশা থেকে যুব সমাজ ও ছাত্রদেরকে মুক্ত রাখার লক্ষ্যে মসজিদ, মাদ্রাসা, হাট-বাজার, পাড়া-মহল্লায় স্থানীয়ভাবে ইসলামিক ফাউন্ডেশনের সহায়তায় সচেতনতামূলক সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীগণকে মাদক থেকে দূরে রাখার লক্ষ্যে স্কুল সময়ে শিক্ষার্থীরা যাতে প্রতিষ্ঠানের বাহিরে না যেতে পারে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। এছাড়া সোমভাগ ইউনিয়নের জেলেপাড়ায় অবৈধ দোকানপাঠ বেশি থাকায় মাদকের সংখ্যা বৃদ্ধি পেয়েছে মর্মে তথ্য পাওয়া যায়। এ বিষয়ে সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে ব্যবস্থা নেয়ার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ৩। শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, মাদ্রাসা, হাট-বাজার, পাড়া-মহল্লায় স্থানীয়ভাবে ইসলামিক ফাউন্ডেশন এর সহায়তায় সচেতনতামূলক সভার আয়োজন করাসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>৪। স্থানীয় যুব সমাজকে মাদক থেকে দূরে রাখার নিমিত্ত প্রতিটি ইউনিয়নের ওয়ার্ডসমূহে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে।<br>৫। শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীগণকে মাদক থেকে দূরে রাখার লক্ষ্যে স্কুল সময়ে শিক্ষার্থীরা যাতে প্রতিষ্ঠানের বাহিরে না যেতে পারে সে বিষয়ে মাধ্যমিক শিক্ষা অফিসার প্রয়োজনীয় নির্দেশনা জারী করবেন। | ১। অফিসার ইনচার্জ, ধামরাই থানা, ঢাকা<br>২। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,সার্কেল-ক ঢাকা<br>৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ধামরাই, ঢাকা<br>৪। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ধামরাই |
| | | ৬। সোমভাগ জেলে পাড়া সরেজমিনে পরিদর্শন করে যদি অবৈধ দোকান পাঠ খুজে পাওয়া যায় সে বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী কমিশনার (ভূমি), ধামরাই, ঢাকা |
| | (গ) মাদক ব্যবসায়ী ও মাদকসেবীদের চিহ্নিত করে তাদের নামের তালিকা জরুরী ভিত্তিতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। এছাড়া মাদক ব্যবসায়ী এবং মাদকসেবীর পক্ষে কোন ধরনের সুপারিশ না শোনার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। | মাদক ব্যবসায়ী ও মাদকসেবীদের চিহ্নিত করে তাদের নামের তালিকা আগামী সভার পূর্বে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) ধামরাই |
| ০৫। | কৃষি জমি রক্ষা সংক্রান্ত আলোচনা<br>(ক) কৃষি জমি ভরাটের ক্ষেত্রে সরকারি অনুমোদন নেয়া এবং তিন ফসলি ও দুই ফসলি কৃষি জমি থেকে মাটি কাটার বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে অভিযোগ পাওয়া গেলে 'ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩' অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। | ১। কৃষি জমি ভরাটের ক্ষেত্রে এবং তিন ফসলি ও দুই ফসলি কৃষি জমি থেকে মাটি কাটার অভিযোগ পাওয়া গেলে 'ইট প্রস্তুত ও ভাটা স্থাপন নিয়ন্ত্রণ আইন, ২০১৩' অনুযায়ী ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। এবং কেউ তিন ফসলি কৃষি জমির মাটি কাটলে সবার আগে সংশ্লিষ্ট | ০১। উপজেলা নির্বাহী অফিসার, ধামরাই, ঢাকা<br>০২। উপজেলা কৃষি কর্মকর্তা, ধামরাই, ঢাকা<br>০৩। অফিসার ইনচার্জ, ধামরাই থানা, ঢাকা<br>০৪। চেয়ারম্যান, |

| | | | |
|---|---|---|---|
| | এছাড়া কৃষি জমির শ্রেণি পরিবর্তনের ক্ষেত্রে সরকারের পূর্বানুমোদন গ্রহণ করার বিষয়ে স্থানীয় কৃষি জমির মালিকদের অবহিত করার বিষয়ে উপজেলা কৃষি অফিসার, ধামরাই, ঢাকাকে অনুরোধ করা হয়। | ইউপি চেয়ারম্যানগন তা বন্ধ করার ব্যবস্থা গ্রহণ করে উপজেলা প্রশাসনকে অবহিত করবেন। | ইউনিয়ন পরিষদ (সকল), ধামরাই, ঢাকা |
| | | ২। কৃষি জমির শ্রেণি পরিবর্তনের ক্ষেত্রে সরকারের পূর্বানুমোদন গ্রহণ করার বিষয়টি স্থানীয় কৃষি জমির মালিকদের অবহিত করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, ধামরাই, ঢাকা |
| | (খ) এছাড়া ধামরাই উপজেলার রাস্তায় ১০ (দশ) চাকার ড্রাম ট্রাক চালানো বন্ধের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ০৩। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগন নিজ নিজ ইউনিয়নের ভেতর ১০ (দশ) চাকার গাড়ি চলতে দেখলে তা সাথে সাথে আটকে দিবেন এবং উপজেলা প্রশাসনকে অবহিত করবেন। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), ধামরাই, ঢাকা |
| ০৬। | <u>বিবিধ</u><br><u>বাল্যবিবাহ, যৌন হয়রানী ও সামাজিক আন্দোলন প্রতিরোধ সংক্রান্ত আলোচনা</u><br>বাল্য বিবাহ, যৌন হয়রানি এবং বিভিন্ন সামাজিক অপরাধ প্রতিরোধে ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটি কার্যকর করার বিষয়ে সভায় আলোচনা হয়। এছাড়া বাল্য বিবাহ, যৌন হয়রানি বিষয়ে জনসাধারণকে সচেতন করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ইউনিয়ন আইন শৃঙ্খলা কমিটি সক্রিয় করার মাধ্যমে বাল্যবিবাহ, যৌন হয়রানি এবং সামাজিক অপরাধ প্রতিরোধের উদ্যোগ নিতে হবে এবং জনসাধারণকে এ বিষয়ে সচেতন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ০১। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), ধামরাই, ঢাকা<br>০২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ধামরাই, ঢাকা |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৮/০২/২০২৪

তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইনশৃঙ্খলা কমিটি
ধামরাই, ঢাকা
০১৯৩৩৮৮৪০৩৩
unodhamrai@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪১.২৬১৪.০০০.০৬.০০২.২১.১৭৩(৫০)

তারিখ: ২৫ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় আবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ঢাকা-২০
০২। জেলা প্রশাসক, ঢাকা
০৩। পুলিশ সুপার, ঢাকা
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইনশৃঙ্খলা কমিটি, ধামরাই, ঢাকা
০৫। মেয়র, ধামরাই পৌরসভা, ধামরাই, ঢাকা
০৬। মহিলা ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধামরাই, ঢাকা
০৭। সহকারী কমিশনার (ভূমি), ধামরাই, ঢাকা
০৮। উপবিভাগীয় প্রকৌশলী, নয়ারহাট সড়ক উপবিভাগ, মানিকগঞ্জ সড়ক বিভাগ, মানিকগঞ্জ
০৯। অফিসার ইনচার্জ, ধামরাই থানা, ধামরাই, ঢাকা
১০। উপজেলা..............................................কর্মকর্তা, ধামরাই, ঢাকা
১১। উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা জেলা কার্যালয়, ঢাকা